

জেলা পরিষদ
বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.৪২.০১০০.০০২.৩৪.০০১.২১-২৭০

তারিখ : ২৩ নভেম্বর, ২০২১ খ্রিঃ।

পুরাতন স্থাপনা নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ঠিকাদার/ঠিকাদারী ব্যবসায়ী প্রতিষ্ঠান/ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখার ১০ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০৪২.০১০০.০০০.২৭.০৪৩.১৫-২৩৫১ নং স্মারকে নিলামে বিক্রয়ের অনুমোদনক্রমে বাগেরহাট জেলা পরিষদের মালিকানাধীন বাগেরহাট জেলার মোল্লাহাট পুরাতন ডাকবাংলোর স্থাপনাসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিম্নোক্তিত তারিখ ও সময়ে বর্ণিত শর্ত সাপেক্ষে নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রয় করার জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে বর্ণিত শর্ত মোতাবেক দরপত্র দাখিল করতে হবে। বিস্তারিত তথ্যাদির জন্য পরিষদ কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

| | | |
|----|-------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ০১ | মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২ | অফিসের নাম | জেলা পরিষদ, বাগেরহাট। |
| ০৩ | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ, সময় ও স্থান | ০৫/১২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। জেলা পরিষদ কার্যালয়, বাগেরহাট/উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট, বাগেরহাট এর দপ্তর হতে নিলাম দরপত্র ফরম জমা করা যাবে। |
| ০৪ | দরপত্র গ্রহণ ও খোলার তারিখ, সময় ও স্থান | ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত। জেলা পরিষদ কার্যালয়, বাগেরহাট ও উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট, বাগেরহাট এর দপ্তরে রক্ষিত দরপত্র বাস্বে গ্রহণ করা হবে। |

নিলামকৃত স্থাপনাসমূহের বিবরণ নিম্নে দেয়া হলো :

| গ্রুপ নং | স্থাপনাসমূহের বিবরণ | পুরাতন স্থাপনার সংখ্যা | স্থাপনাসমূহের সম্ভাব্য মূল্য | সিডিউল মূল্য | অপসারণের জন্য নির্ধারিত সময় |
|----------|----------------------------------------------------------------|------------------------|------------------------------|--------------|------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ |
| ০১ | বাগেরহাট জেলা পরিষদ মালিকানাধীন মোল্লাহাট পুরাতন ডাকবাংলো ভবন। | ০১(এক)টি | ১,০৪,৬২২/৬০ | ১০০০/- | ৩০ দিন |

শর্তাবলী :

- ১। দরপত্র আগামী ০৫/১২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এবং উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট, বাগেরহাট এর দপ্তর হতে দরপত্র সংগ্রহ করা যাবে।
- ২। দরপত্র আগামী ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট কার্যালয়/উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট, বাগেরহাট এর দপ্তরে রক্ষিত দরপত্র বাস্বে গ্রহণ করা হবে। এবং ঐ একই দিন বেলা ২-০০ ঘটিকার সময় দরপত্র দাতা/ প্রতিনিধির সম্মুখে দরপত্র বাস্বে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে।
- ৩। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না।
- ৪। সিডিউল বিক্রয়ের পূর্ব দিন পর্যন্ত বর্ণিত স্থাপনাসমূহ সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে।
- ৫। দরপত্রে উদ্ধৃত দরপত্র মূল্যের সমুদয় টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট-এর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। দরপত্র মূল্য চূড়ান্ত অনুমোদনের সাথে সাথে উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে আয়কর হিসেবে এবং ৭.৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) হিসেবে ট্রেজারী জমা চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকে জমা প্রদান পূর্বক জমা চালানের কপি অত্র দপ্তরে জমা সাপেক্ষে স্থাপনা অপসারণের কার্যাদেশ পত্র গ্রহণ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল সহ জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে।
- ৭। দরপত্র মূল্য চূড়ান্ত অনুমোদনের তারিখ হতে নোটিশে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত স্থাপনা জেলা পরিষদের একজন প্রতিনিধির উপস্থিতিতে অপসারণ করতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোন একটি বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বাক্ষর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বাগেরহাট।
ফোন : ০৪৬৮-৬২১১১

(চলমান পাতা -০২)